খাতওয়ারী সেপ্টেম্বর ২০১৮ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। **সর্বমোট অর্জন**। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী সেপ্টেম্বর ২০১৮ মাসে **সর্বমোট ১৪৩ কোটি ২১ লক্ষ ৪৪ হাজার ৩৮০ টাকা** মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য**। সেপ্টেম্বর ২০১৮ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে **সর্বমোট ১৩ কোটি ৬২ লক্ষ ২১ হাজার ৮০ টাকার** অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	অকটেন/ডিজেল/তৈল	২১,২০০ লিটার	১৮,০২,০০০/০০
২।	বার্থিং হাউজার	৯৩০ মিটার	৮,৮০,০০০/০০
৩।	হাঙ্গর মাছ	৪০ কেজি	২০,০০০/০০
৪।	অন্যান্য (লোহা, মোবাইল, মোবাইল সীম, নগদ টাকা)	-	১,৬৩,০৮০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	১৪ টি	-
২।	তাজাগোলা	১৮ রাউন্ড	-
৩।	ব্ল্যাংক কার্টিজ	১৬ রাউন্ড	-
৪।	রামদা/ছুরি/চাপাতি	১৩ টি	-
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	২,৪২,৩০২ পিস	১২,১১,৫১,০০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	৭৭০ বোতল/ক্যান	৩,৫০,০০০/০০
৩।	ফেনসিডিল	৪০ বোতল	৪০,০০০/০০
৪।	গাঁজা	২,৫০০ গ্রাম	৭৫,০০০/০০
৫।	দেশীয় মদ	২০০ লিটার	১,০০,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	৭৩৫ ঘনফুট	১৬,৯০,০০০/০০
পরিবেশে রক্ষা			
১।	পলিথিন	২৫০ কেজি	৫০,০০০/০০
২।	তক্ষক	০১ টি	৯৫,০০,০০০/০০
আটককৃত বাহন			
১।	বোট/ট্রাক/ভ্যান	০৫ টি	৪,০০,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	২৯ জন	-
উদ্ধার অভিযান			
১।	জেলে/যাত্রী উদ্ধার	২১ জন	
২।	বোট উদ্ধার	০১ টি	
		সর্বমোট	**১৩,৬২,২১,০৮০/০০**

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান**। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে সেপ্টেম্বর ২০১৮ মাসে **সর্বমোট ১২৯ কোটি ৫৯ লক্ষ ২৩ হাজার ৩০০ টাকার** ২,১৮,৪১,৭০০ মিটার কারেন্ট জাল, ৬৮,২৩,১০০ মিটার অন্যান্য জাল, ১৮২ কেজি জাটকা, ৭৯৮ পিস বেহুন্দি/ মশারি জাল, ৩৯,২৪,০০০ পিস রেনু পোনা, ০৬ টি বোট ও ১২ জন জেলেকে আটক করা হয়।

৪। **রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ**। সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি

বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক সেপ্টেম্বর ২০১৮ মাসে মোট ০৭ জন বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিককে সেন্টমার্টিন্স ছেড়া দ্বীপ এলাকা হতে আটক করে আকিয়াবের উদ্দেশ্যে ফেরত পাঠানো হয়।

৫। **অস্ত্র উদ্ধার অভিযান**। গত ১৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখে গোপন সংবাদের মাধ্যমে জানা যায়, মোংলা থানাধীন মীরগামারী খাল এলাকায় ডাকাত বাহিনীল সদস্যরা ডাকাতি কাজে ব্যবহারের জন্য অস্ত্র লুকিয়ে রেখেছে। উক্ত সংবাদের ভিত্তিতে বিসিজি বেইস মংলা এর একটি অভিযান দল উক্ত এলাকায় ব্যাপকভাবে তল্লাশি চালাতে থাকে এবং একপর্যায়ে মীরগামারী খালের ভিতরে জঙ্গলের পাশে পলিথিনে মোড়ানো পরিত্যক্ত অবস্থায় ০৪ টি দেশীয় একনলা বন্দুক উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্র মোংলা থানায় হস্তান্তর করা হয়। এছাড়াও গত ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বিসিজি বেইস মংলা ও বিসিজি স্টেশান হারবারিয়া গোপন সংবাদের মাধ্যমে মোংলা থানাধীন টগবগির খাল সংলগ্ন এলাকায় অভিযান পরিচালনা করে। কোস্ট গার্ড বাহিনীর উপস্থিত বুঝতে পেরে বনদস্যু শরীফ বাহিনীর সদস্যরা কোস্ট গার্ড সদস্যদের উপর গুলি চালায় এবং একপর্যায়ে কোস্ট গার্ড সদস্যরাও আত্নরক্ষার্থে পাল্টা গুলি চালায় ফলে ডাকাত সদস্যগণ উক্ত স্থান হতে বনের গহীনে পালিয়ে যায়। অভিযান দল উক্ত স্থানে তল্লাশি চালিয়ে ০২ টি অস্ত্র, ০২ রাউন্ড তাজা গোলা, ১৪ রাউন্ড ব্ল্যাংক কার্টিজ এবং ০১ টি বোট উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্র ও মালামাল মোংলা থানায় হস্তান্তর করা হয়।

৬। **বিশেষ অভিযান**। গত ২৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বিসিজি স্টেশান মহেশখালী, বিসিজি বেইস চট্টগ্রাম ও স্থানীয় জেলেদের গোপন সংবাদের মাধ্যমে মহেশখালী থানাধীন মহেশখালী এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে ০৩ জন ডাকাতসহ ০১ টি রিভলবার ও ০২ রাউন্ড তাজা গোলা আটক করা হয়। পরবর্তীতে আটককৃত ডাকাত ও মালামাল মহেশখালী থানায় হস্তান্তর করা হয়।

৭। **বনদস্যু দমন অভিযান**। গত ১২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে গোপন সংবাদের মাধ্যমে জানা যায়, দাকোপ থানাধীন সুতারখালী সংলগ্ন সুজিতের মার খাল এলাকায় ০৯ থেকে ১০ জন ডাকাত অবস্থান করছে। উক্ত সংবাদের ভিত্তিতে বিসিজি আউটপোস্ট নলিয়ান এর একটি বিশেষ অভিযান দল উক্ত এলাকার উদ্দেশ্যে গমন করে। কোস্ট গার্ড সদস্যদের উপস্থিতি টের পেয়ে ডাকাত দল পালিয়ে যাওয়ার চেষ্টা কালে বনদস্যু শরীফ বাহিনীর ০১ জন সদস্যকে আটক করা হয়। অভিযান দল উক্ত ব্যক্তিকে তল্লাশি করে ০১ রাউন্ড তাজা গোলা ০২ রাউন্ড ব্ল্যাংক কার্টিজ উদ্ধার করে। পরবর্তীতে ডাকাত ও মালামাল দাকোপ থানায় হস্তান্তর করা হয়।

৮। **ডাকাত বিরোধী অভিযান**। গত ০৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বিসিজি বেইস ভোলা ও বিসিজি স্টেশান হাতিয়া কর্তৃক গোপন সংবাদের ভিত্তিতে হাতিয়া থানাধীন চরকিং ব্রীজ বাজারের পাশ্ববর্তী একটি চায়ের দোকানে ডাকাতির প্রস্তুতি গ্রহণের সময় বিশেষ অভিযান পরিচালনা করা হয়। অভিযানের পূর্বে কোস্ট গার্ড বাহিনীর সদস্যরা ছয়টি দলে বিভক্ত হয়ে উক্ত চায়ের দোকান ঘিরে ফেলে এবং অভিযান পরিচালনা করে তাহের বাহিনীর অন্যতম প্রধান সহযোগী বাহার ডাকাতসহ ০৭ জন ডাকাতকে ০৬ টি সিঙ্গেল ব্যারেল গান, ১১ রাউন্ড তাজা গোলা, ০৫ টি রামদা, ০৩ টি মোবাইল এবং নগদ টাকা ১১,০০০/০০ (এগার হাজার টাকা) সহ আটক করতে সক্ষম হয়। পরবর্তীতে আটককৃত ডাকাত ও জব্দকৃত মালামাল হাতিয়া থানায় হস্তান্তর করা হয়। গত ২৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বিসিজি স্টেশান হাতিয়া গোপন সংবাদের ভিত্তিতে হাতিয়া থানাধীন জাহাজমারা কাটাখালী খালের মোহনা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে ০১ টি শুটার গান, ০২ রাউন্ড তাজা গোলা, ০১ টি কুড়াল, ০২ টি মোবাইল, ০৩ টি মোবাইল সীম ও ০১ টি বোটসহ কুখ্যাত ডাকাত জয়নাল আবেদীন ও তার সহযোগী ০৪ জন ডাকাতকে আটক করতে সক্ষম হয়। এতে জাহাজমারা কাটাখালী এলাকায় সাধারণ জনগণের মাঝে স্বস্তি ফিরে আসে এবং দুস্কৃতিকারীদের মাঝে ভীতি সঞ্চারিত হয়। পরবর্তীতে আটককৃত ডাকাত এবং জব্দকৃত মালামাল হাতিয়া থানায় হস্তান্তর করা হয়।

৯। **অপহৃত জেলে উদ্ধার অভিযান**। গত ০৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে গোপন সংবাদের মাধ্যমে জানা যায়, কয়রা থানাধীন সুন্দরবনস্থ কুঞ্চির খাল এলাকায় একদল ডাকাত কিছু জেলেকে জিম্মি করে রেখেছে। উক্ত সংবাদের ভিত্তিতে বিসিজি বেইস মংলা ও বিসিজি স্টেশান কৈখালীর অপারেশান দল কুঞ্চির খাল এলাকায় অবস্থান নিয়ে বিভিন্ন খালে তল্লাশি চালাতে থাকে। ০৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে অপারেশান দল কুঞ্চির খালের ভিতরে একটি বোটের উপস্থিতি বুঝতে পেরে বোটটি থামানোর জন্য ইশারা করে। কোস্ট গার্ড এর উপস্থিতি টের পেয়ে ডাকাত দল বোটটি না থামিয়ে দ্রুতগতিতে পালাতে থাকে এবং একপর্যায়ে ডাকাত দল বোটটি খালের পাশে পরিত্যক্ত অবস্থায় রেখে বনের ভিতর পালিয়ে যায়। কোস্ট গার্ড অপারেশান দল ডাকাত দলের বোটের দিকে অগ্রসর হয় এবং তারা ডাকাত বাহিনীর দ্বারা জিম্মিকৃত ০২ জন জেলেকে উদ্ধার করে। এরপর ডাকাতদেরকে আটকের উদ্দেশ্যে অভিযান দল জঙ্গলের ভিতর সাড়াশি অভিযান করে কিছু না পেয়ে উদ্ধারকৃত ০২ জন জেলেকে ০৯ নং গাবুরা ওয়ার্ড ও ০২ নং ব্লক বেতকাসী ইউনিয়ন পরিষদ মেম্বারের নিকট এবং আটককৃত বোটটি দোবেকী ফরেস্ট অফিসে হস্তান্তর করে। এছাড়াও গত ০৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, শরীফ বাহিনী কর্তৃক কিছু জেলেকে জিম্মি করে রেখেছে। উক্ত সংবাদের ভিত্তিতে বিসিজি আউটপোস্ট নলিয়ান দাকোপ থানাধীন বড় কেওড়াখালী এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে ০১ জন জেলেকে উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলেকে ০৫ নং সুতারখালী উপজেলা চেয়ারম্যানের নিকট হস্তান্তর করা হয়।

১০। **অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান**। সেপ্টেম্বর ২০১৮ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।